



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আইসিটি সেল
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৪০১.২৫.০০১.১৯.৮

২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কলেজ পর্যায়ের শিক্ষক মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ - ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ বঃ/ ১৯ মে থেকে ১১ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত কলেজ পর্যায়ের শিক্ষকগণের জন্য আয়োজিত ১১তম 'ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জন প্রভাষক পদমর্যাদার শিক্ষক-কে (আইসিটি বিষয়ক দক্ষতা নেই এমন শিক্ষক) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীর নাম, পদবি, ইনডেক্স নম্বর, ই-মেইল, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২১/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে programmer@naem.gov.bd-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পূর্বে মনোনয়ন দেয়া হয়েছে এমন কলেজ থেকে শিক্ষক মনোনয়ন দেয়া যাবে না এবং মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. যিনি বিগত ০১(এক) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ অথবা যে কোন সময়ে নায়েমে আইসিটি/ডিজিটাল কনটেন্ট কোর্স সম্পন্ন করেছেন অথবা অন্যত্র আইসিটি/ডিজিটাল কনটেন্ট প্রস্তুত বিষয়ক প্রশিক্ষণ আছে তিনি উক্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
২. বেসরকারি কলেজ শিক্ষকের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ০২(দুই) বছর এবং অবশ্যই ইনডেক্সধারী (MPO) এবং সরকারি কলেজ প্রভাষকগণকে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সমাপ্তকারী হতে হবে।
৩. মনোনীত প্রশিক্ষার্থীগণকে আগামী ২৯/০৫/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯.০০টায় নায়েমে তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে (প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে)। নির্ধারিত হোস্টেল চার্জ পরিশোধ করে নায়েম হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
৪. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরনপূর্বক কোর্সে যোগদান করবেন এবং রেজিস্ট্রেশনকৃত ফর্মের প্রিন্ট কপি সংগে নিয়ে আসবেন।
৫. প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে জনাব এ কে এম শাহ আলম, ফোন-০১৮১৬৬০৬৩৪৩/০১৫৫২৩২৪৩৭৯-এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৬. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতা প্রদান করা হবে। তবে, প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ) সংকুলানের জন্য জনপ্রতি আনুমানিক ১৫,০০০/- (পনের হাজার) টাকাসহ নিজ প্রয়োজনমত অন্যান্য আনুষঙ্গিক হাতখরচ সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে ভ্রমণ, দৈনিক ও শিক্ষা সফর ভাতার বিল এ অফিসে পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, হিসাব সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৭. মনোনীত শিক্ষককে অন-লাইনে সম্পাদিত রেজিস্ট্রেশন ফর্মের প্রিন্ট কপি, পাসপোর্ট সাইজের এক কপি ছবি, কোর্সে অংশগ্রহণের সম্মতিপত্র, এমপিও শীট এবং ১০ টাকা মূল্যমানের ০১টি রেভিনিউ স্ট্যাম্প সঙ্গে আনতে হবে।
৮. তাঁর প্রতিষ্ঠানের শ্রেণি অধিবেশন পরিচালনায় বিভিন্ন কনটেন্ট, তথ্য ও ভিডিও সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অথবা ব্যক্তিগত ল্যাপটপ সংগে আনার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তাং ১০-০১-১৯ ও স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৮. ৪১.২০১৬.২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রিঃ অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।



০৫-০৫-২০২৪

ড. তাহমিনা বেগম
মহাপরিচালক

০২-৫৫১৬৭৫২৯ (ফোন)

০২-৫৫১৬৭৫২৮ (ফ্যাক্স)

info@naem.gov.bd

পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,

স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৪০১.২৫.০০১.১৯.৮/১ (১১)

২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৩। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৪। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৬। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৭। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৮। হোস্টেল সুপার (সকল), নায়েম, ঢাকা;
- ৯। তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
- ১০। পি এ টু মহাপরিচালক, নায়েম (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ১১। অফিস নথি।।



০৫-০৫-২০২৪

এ কে এম শাহ আলম
প্রোগ্রামার